

# যুগান্তর

প্রিন্ট: ০৩ নভেম্বর ২০২৫, ০৩:০৯ পিএম

## শিক্ষাঙ্গন

# এডিটেড ছবি ছড়ানোয় মামলা করলেন ঢাবি শিক্ষক মোনামী



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৩ নভেম্বর ২০২৫, ০১:৩৮ পিএম



সাইবার সুরক্ষা আইনে মামলা করেছেন মোনামী। সংগৃহীত ছবি

এডিট করা আপত্তিকর ছবি ফেসবুকে দিয়ে কুরুচিপূর্ণ ও আশালীন মন্তব্য করায় সাইবার সুরক্ষা আইনে মামলা করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) লোকপ্রশাসন বিভাগের শিক্ষক ও সহকারী প্রফেসর শেহরীন আনিম ভুইয়া মোনামী।

সোমবার (৩ নভেম্বর) তিনি শাহবাগ থানায় এ মামলা করেন। এসময় তার সঙ্গে উপস্থিত ছিলেন ডাকসুর আইন ও মানবাধিকার সম্পাদক মো. জাকারিয়া, কমন্যুরুত্ব ও ক্যাফেটেরিয়া সম্পাদক উম্মে সালমা এবং মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক ফাতিমা তাসনিম ঝুমা।

অধিকতর তদন্ত ও দ্রুত অপরাধীদের শনাক্তের জন্য মামলাটি ডিবির সাইবার ইউনিটে পাঠানো হয়েছে বলে জানা গেছে।

মামলার এজাহারে বলা হয়েছে, মামলার ১ নম্বর বিবাদী (আসামি) সাংবাদিক ও এক্টিভিস্ট মুজতব খন্দকার, ২ নম্বর বিবাদী লেখক ও এক্টিভিস্ট মহিউদ্দিন মোহাম্মদ, ৩ নম্বর বিবাদী ঢাকা কলেজের শিক্ষার্থী নিরব হোসাইন ও ৪ নম্বর বিবাদী আশফাক হোসাইন ইভান। তাদের কুরুচিকর মন্তব্যের স্ক্রিনশট সংযুক্ত করে দেওয়া হয়েছে।

মামলা করার পর সাংবাদিকদের শেহরীন আনিম ভুইয়া মোনামী বলেন, ‘আমার রাজনৈতিক সংশ্লিষ্টতা নেই, আমি একজন সাধারণ শিক্ষক। সেখানে আমাকে নিয়ে গত এক বছর ধরে এমন আচরণ করা হচ্ছে, যার কোনো প্রতিকার পাচ্ছি না। মামলাটা একদম শেষ মুহূর্তে এসে করেছি।’

তিনি আরও বলেন, ‘যখনই কোনো নারী সত্যের পথে হেঁটেছে, এগিয়ে যেতে চাইছে, তখন তাকে দমানোর জন্য এমন সেক্সুয়াল হ্যারাজমেন্ট, অনলাইন বুলিং করা হয়েছে। আমি মামলাটা করেছি, এটা একটা বার্তা। অজ্ঞাতনামাও আসামি রাখা হয়েছে। যদি সামনে এমন অবস্থা তারা আবার করে তবে এই মামলায় তাদের নামও আসবে।’

